



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ নভেম্বর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ নেতা উজ্জ্বল স্মৃতি চাকমাসহ ৬ জন নেতাকর্মীকে আটক বিষয়ে আইএসপিআর প্রদত্ত মনগড়া-মিথ্যা বিবৃতির তীব্র প্রতিবাদ

গত ১৩ নভেম্বর খাগড়াছড়ি সদর উপজেলার পেরাছড়া এলাকা থেকে ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সদস্য ও খাগড়াছড়ি জেলা সমন্বয়ক উজ্জ্বল স্মৃতি চাকমাসহ ৬ জন নেতাকর্মীকে আটক বিষয়ে সামরিক বাহিনীর আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) কর্তৃক প্রদত্ত বিবৃতিতে মিথ্যা ও মনগড়া তথ্য পরিবেশনের তীব্র প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)। খাগড়াছড়ি জেলার দায়িত্বপ্রাপ্ত প্রধান সংগঠক প্রদীপন খীসা আজ মঙ্গলবার (১৫ নভেম্বর ২০১৬) সংবাদ মাধ্যমে উক্ত বিবৃতি প্রদান করেন।

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর আইএসপিআর-এর বিবৃতির শিরোনামে নিরাপত্তা বাহিনীর অভিযানে খাগড়াছড়ি থেকে 'অস্ত্রসহ ইউপিডিএফ এর সামরিক শাখার প্রধান আটক' করা হয় বলে বক্তব্য প্রদান করা হয়। প্রদীপন খীসা উক্ত শিরোনামায় প্রদত্ত বক্তব্যকে মিথ্যা ও আইএসপিআর-এর মনগড়া তথ্য পরিবেশনার নিকৃষ্ট উদাহরণ উল্লেখ করে বলেন, ইউপিডিএফ নেতা উজ্জ্বল স্মৃতি চাকমাসহ ৬ জনকে মূলত নিরস্ত্র অবস্থায় আটক করা হয়। ইউপিডিএফ-এর প্রাত্যহিক কাজের অংশ হিসেবে নেতাকর্মীরা সাংগঠনিক আলোচনা করার সময় সেনাবাহিনী অতর্কিতে উক্ত এলাকা ঘেরাও করে বলপূর্বক উজ্জ্বল স্মৃতি চাকমাসহ ৬ জনকে আটক করে। এ সময় নেতাকর্মীগণ কোন প্রকার গ্রেপ্তারি পরোয়ানা ছাড়া উক্ত অবৈধ আটকের তীব্র প্রতিবাদ করলে সেনাবাহিনীর সদস্যগণ তাদের উপর নির্বিচারে শারীরিক নির্যাতন চালায়।

বিবৃতিতে তিনি আটককৃত উজ্জ্বল স্মৃতি চাকমাকে 'সামরিক বাহিনীর প্রধান' হিসেবে উল্লেখ করা সংক্রান্ত তথ্যকে হাস্যকর হিসেবে আখ্যায়িত করে বলেন, উজ্জ্বল স্মৃতি চাকমা সংগঠনের একজন কেন্দ্রীয় নেতা এবং তিনি বিগত ২০০৮ সালের ২৯ ডিসেম্বর অনুষ্ঠিত নবম জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করেন এবং বিপুল পরিমাণ ভোট পেয়েও ষড়যন্ত্রমূলকভাবে তার বিজয় ছিনিয়ে নেয়া হয়। এছাড়া প্রকৃতপক্ষে ইউপিডিএফ কোনো সামরিক সংগঠন নয় বিধায় তিনি 'সামরিক বাহিনীর প্রধান' হবার কোন প্রশ্নই আসে না। মূলত, পার্বত্য চট্টগ্রামের গণতান্ত্রিক লড়াই সংগ্রামকে ভিন্নভাবে চিত্রিত করার জন্য এবং পার্বত্য চট্টগ্রামে অপারেশন উত্তরণের মাধ্যমে সেনাশাসন বজায় রাখার গভীর সুদূরপ্রসারী লক্ষ্যের অংশ হিসেবেই এই মনগড়া তথ্য আইএসপিআরএর মাধ্যমে পরিবেশন করা হচ্ছে বলে তিনি বিবৃতিতে উল্লেখ করেন।

তিনি উস্মা প্রকাশ করে বলেন, আইএসপিআরএর বিবৃতির শিরোনামা থেকে এটা বুঝে নেয়া যায় বিবৃতির বাকি অংশে কী ধরনের মিথ্যা ও সাজানো গোছানো বানোয়াট লেখা থাকবে।


আইএসপিআর প্রদত্ত বিবৃতিতে বলা হয়, 'যৌথবাহিনী অস্ত্র, গোলাবারুদ, সামরিক সরঞ্জাম ও ধারালো অস্ত্রসহ' উক্ত ৬ জনকে আটক করা হয়। প্রদীপন খীসা এই তথ্য বিষয়ে বলেন, ইউপিডিএফ পার্বত্য জনগণের অধিকার আদায়ের লক্ষ্যে গণতান্ত্রিকভাবে সংগ্রাম করে যাওয়া একটি সংগঠন, অস্ত্র গোলাবারুদ সামরিক সরঞ্জাম ইত্যাদি পার্টির সদস্যদের কাছ থেকে পাওয়ার কোন প্রশ্নই আসে না। তিনি বলেন, জনগণই ইউপিডিএফএর প্রধান প্রাণশক্তি। আটককৃতদের কাছ থেকে অস্ত্র গোলাবারুদ, সামরিক সরঞ্জাম ইত্যাদি উদ্ধার করার মত মনগড়া ও মিথ্যা বানোয়াট তথ্য পরিবেশন করার পেছনে ভিন্ন কোন উদ্দেশ্য থেকে থাকলে তা জনগণকে সাথে নিয়ে মোকাবেলা করা হবে বলে তিনি বিবৃতিতে হুঁশিয়ারি উচ্চারণ করেন। এছাড়া তিনি আইএসপিআর এর এমন ধরনের মিথ্যা বানোয়াট ও উস্কানিমূলক ভ্রান্ত তথ্য বিষয়ে সজাগ সতর্ক থাকার জন্য দেশবাসীর কাছে আহ্বান জানান।

বিবৃতি তিনি আইএসপিআর এর তথ্যমতে, ইউপিডিএফ উজ্জ্বলাদেবী চাকমা'র বাড়ি 'জোরপূর্বক উচ্ছেদ করে' দখল করে নেয়ার খবরকে বাড়াবাড়ি রকমের মিথ্যাচার হিসেবে অভিহিত করেন। তিনি বলেন, শাক দিয়ে যেমন মাছের পঁচে যাওয়া ঢাকা যায় না, তেমনি সত্যিকথাও এ ধরণের মিথ্যাচারের মাধ্যমে চেপে রাখা যাবে না।

আইএসপিআর এর ওয়েবসাইটে উগ্র সাম্প্রদায়িক ধারার নিউজ মিডিয়ায় পূর্ব থেকেই প্রকাশিত আটককৃত ৬ জনকে পিছমোড়া করে বেঁধে রাখার ছবি প্রকাশ করাকে কাকতালীয় নাকি আদতেই উগ্র সাম্প্রদায়িক ধারার উক্ত নিউজ মিডিয়ার বক্তব্য আদর্শসমূহের সাথে আইএসপিআরএর সম্পর্ক সংযোগ রয়েছে তা নিয়েও দেশবাসীর আজ প্রশ্ন জেগেছে বলে তিনি বিবৃতিতে উল্লেখ করেন।

বিবৃতিতে তিনি অবিলম্বে উজ্জ্বল স্মৃতি চাকমাসহ ৬ নেতাকর্মীর নিঃশর্ত মুক্তির দাবি জানান এবং গণতান্ত্রিক লড়াই সংগ্রাম ধ্বংসের সকল রকমের মিথ্যা বানোয়াট ও উস্কানিমূলক কার্যক্রম বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য দেশবাসীর প্রতি অনুরোধ জানান। বিবৃতিতে তিনি সেনা শাসন অপারেশন উত্তরণ প্রত্যাহার করে পার্বত্য চট্টগ্রাম থেকে সকল ধরণের সেনা কর্তৃত্ব তুলে নিয়ে পূর্ণ গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির জন্য সরকারের কাছে জোর দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।